

‘জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব’

– শিখা (১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত) পত্রিকার শিরোনামে মুদ্রিত আদর্শবাক্য



সৃজনশীলতা ও মুক্তচিন্তা বিকাশে ‘লেখার লড়াই’



লেখার
অভ্যাস গড়ে
তোলার
ক্ষেত্রে ভালো
বই কিংবা
থারাপ বই
বাছাই না
করে সব
ধরনের বই
পড়তে হবে

নিউজলেটার ডেস্ক ●

‘সাহিত্যচর্চা ও মুক্তচিন্তার বিকাশে লেখালেখির ভূমিকা অনস্বীকার্য। আর লেখার অভ্যাস গড়ে তুলতে বই পড়ার গুরুত্ব অপরিসীম।’ এমন কথাই বললেন বাংলা একাডেমির সাহিত্য পুরস্কারপ্রাপ্ত নাট্যকার, চিত্রনাট্যকার ও নির্দেশক সাধনা আহমেদ। সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির মিডিয়া ক্লাব আয়োজিত ‘লেখার লড়াই’ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

১ মার্চ ২০২৩ বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. পারভীন হাসান, রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ, অভিনয়শিল্পী ফেরদৌসী মজুমদার এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।

লেখার অভ্যাস গড়ে তোলায় ক্ষেত্রে ভালো বই কিংবা থারাপ বই বাছাই না করে সব ধরনের বই পড়ার পরামর্শ দেন ড. পারভীন হাসান। ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড লিটারেচার বিভাগের

চেয়ারপার্সন আবদুস সেলিম শিক্ষার্থীদের সৃজনশীল লেখা বাড়ানোর ওপর জোর দেন। ভালো লেখকদের বই পড়তে শিক্ষার্থীদের উৎসাহ দেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ।

লেখার লড়াই প্রতিযোগিতায় ছোটগল্প, কবিতা, ৫০ শব্দের গল্প এবং ফিচার - এই ৪টি ক্যাটাগরিতে মোট ১২ জনকে পুরস্কৃত করা হয়। বিজয়ীদের নাম ঘোষণা করেন মিডিয়া ক্লাব-এর মডারেটর এবং জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের প্রভাষক হাসিনুস সাবাহ। অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথি সাধনা আহমেদকে উত্তরীয় পরিয়ে দেন উপাচার্য ড. পারভীন হাসান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষার্থী আনিকা আফরোজ বানী। অনুষ্ঠানে আবৃত্তি, নাচ ও গান পরিবেশনায় অংশ নেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের প্রভাষক জারিন তাসনিম।

Congratulations



Dr. Perween Hasan
Vice Chancellor

We are very happy to announce that Dr. Perween Hasan has been re-appointed as the Vice Chancellor of Central Women's University. We believe that this is a recognition of her dedication to this institution. We, the CWU family, heartily congratulate Dr. Perween Hasan on this occasion.



Visit to Dhaka Art Summit

Students of the Dept. of Journalism and Media Studies visited the 'Dhaka Art Summit 2023' on February 11, 2023. Its aim was to bring out the creative spark among the students. It also facilitated the students to get exposed to the infinite perspectives of the artists and to analyze the essence of human emotions. The visit was supervised by Zarin Tasnim, Lecturer of the department.

Industrial Tour to Kazi Feed Mill

With the motto 'Let's Bridge The Academia and Industry', the Career Club of CWU organized an Industrial Tour to Kazi Feed Mill, Gozaria. A total of 36 students and seven faculty members participated in this tour on May 3, 2023. The visit was enlightening and intriguing for the students. It was overseen by Engr Akhtar Hossain - AGM (Kazi Grand Parents Limited, Gozaria Feed Mill) and his team.



Workshop on Enterprise Resource Planning

Newsletter Desk

Career Club of CWU organized a workshop on Enterprise Resource Planning (ERP) on March 19, 2023 in association with Sysnova Information Systems Ltd. Tanmoy Prosun Dey, Sr. Manager-ERP Implementation & Support Sysnova Information Systems Ltd. was the resource person. Students received certificates after completing the workshop.



Beyond the Covers

Newsletter Desk

The English Club of Central Women's University organized a reading session titled 'Beyond the Covers' on March 31, 2022. This event marked the launching of a reading circle. Veteran journalist and author Syed Badrul Ahsan was the session speaker. In his speech, he emphasized the significance of reading.

Four teachers from the Department of English Language and Literature read out selected portions from their recently published books. The Vice Chancellor, Dr. Perween Hasan, appreciated the life-shaping qualities of book-reading. This event was moderated by Mr. Asif Nawaz, Sr. Lecturer of the Department of ELL.

Meet & Greet

Newsletter Desk

Students of the Dept. of ELL organized a Meet & Greet program on August 20, 2022. More than 100 students, both current and former, participated in the gala event. The event was inaugurated by Elias Ahmed, Registrar; Abdus Selim, Chairperson, Dept. of ELL, and AKM Morshed, Deputy Registrar. It was followed by a dance performance.

Nazifa Bashir, a recent graduate of the department delivered a fun video presentation acknowledging the contribution of her teachers to her life. The program was co-hosted by Sanjida Yesmin and Khairun Tasnim Monami.

The event ended with a vote of thanks from the department chair, Abdus Selim.

মুক্তিযুদ্ধের গল্প শোনালেন আবুল হায়াত



নিউজলেটার ডেস্ক ●

দিনভর নানা আয়োজনে স্বাধীনতা দিবস উদযাপন করেছে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি। এ আয়োজনের অংশ হিসেবে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের গল্প শোনালেন একশ্রেণী পদকপ্রাপ্ত অভিনয়শিল্পী আবুল হায়াত। মুক্তিযুদ্ধ চলাকালে নিজের দেখা ঘটনাগুলোর স্মৃতিচারণ করে শিক্ষার্থীদের শোনান তিনি। এ সময় যুদ্ধকালীন বাংলাদেশের বাস্তবতা নিজেদের অভিজ্ঞতা থেকে তুলে ধরেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. পারভীন হাসান এবং ইংলিশ ল্যান্ডস্কেপ অ্যান্ড লিটারেচার বিভাগের চেয়ারপার্সন আবদুস সেলিম।

এ উপলক্ষে ২৭ মার্চ ২০২২ সকালে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় বিশেষ চিত্রাঙ্কন প্রতিযোগিতা। প্রতিযোগিতার বিচারক ছিলেন বাংলাদেশ টেলিভিশনের অবসরপ্রাপ্ত মুখ্য শিল্প নির্দেশক আব্দুল মান্নান। স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ক্লাব।



বীরঙ্গনাদের ইতিহাস সংগ্রহে সিডরুইউইউর শিক্ষার্থীরা




অ্যাড জেডার স্টাডিজ বিভাগের ১৫ জন শিক্ষার্থী।

২০২২ সালের জুলাই মাস থেকে এই কার্যক্রম শুরু হয়। শুরুতে শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়। এরপর প্রথমে সেপ্টেম্বর মাসে ঢাকার তেজকুনি পাড়ায় একজন বীরঙ্গনার সাক্ষাৎকার নেওয়া হয় এবং পরে নভেম্বর মাসে সিরাজগঞ্জে মোট ১৫ জনের সাক্ষাৎকার নেওয়া হয়। এরপর ডিসেম্বরে পটুয়াখালীতে আরও সাত জনের সাক্ষাৎকার নেয় শিক্ষার্থীরা। বীরঙ্গনাদের জীবন ও সংগ্রামের প্রকৃত ইতিহাস সংরক্ষণ এই কার্যক্রমের মূল উদ্দেশ্য। স্বাধীনতার পর দীর্ঘ সময় পেরিয়ে গেলেও বীরঙ্গনাদের সঠিক ইতিহাস তেমন নেই বললেই চলে। এই ইতিহাস নিজেরা জানতে ও পরবর্তী প্রজন্মকে জানাতে কার্যক্রমটি শুরু করা হয়।



নিউজলেটার ডেস্ক ●

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের বীরঙ্গনাদের সংগ্রামী জীবনের অভিজ্ঞতা সম্পর্কে জানা এবং তা নথিভুক্ত করার মহৎ এক উদ্যোগের সঙ্গে যুক্ত হয়েছে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি। বেসরকারি সংস্থা 'নারীপক্ষ'র এ উদ্যোগের সঙ্গে কাজ করছে সিডরুইউইউর জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ এবং সোশিওলজি



জাতীয় শোক দিবস পালিত

নিউজলেটার ডেস্ক ●

গভীর শ্রদ্ধার সঙ্গে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস ২০২২ পালন করেছে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি। দিবসটি উপলক্ষে 'শোক থেকে শক্তি, সমৃদ্ধির পথে বাংলাদেশ' বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১৭ আগস্ট ২০২২ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে আলোচনার আয়োজন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. পারভীন হাসান, রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ এবং সব বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।

রচনা প্রতিযোগিতার বিজয়ীরা হলেন সাইমা হাসান (ইএলএল), শাওরিন ইয়াসমিন নিসা (সিএসই) এবং সাজ্জাদ বেগম হাফসা চৌধুরী (ইএলএল)। অনুষ্ঠানে 'বঙ্গবন্ধুর লেখা থেকে পাঠ' অংশে 'অসমাপ্ত আত্মজীবনী' থেকে নির্বাচিত অংশ পাঠ করেন ইংলিশ ল্যান্ডস্কেপ অ্যান্ড লিটারেচার (ইএলএল) বিভাগের শিক্ষার্থী মাইশা ইকবাল খান এবং 'কারাগারের রোজানামা' থেকে পাঠ করেন সিএসই বিভাগের শিক্ষার্থী রানিয়া নূর। অনুষ্ঠান সম্বালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক আসিফুন নাহার এবং আয়োজন করে কালচার ক্লাব।



বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতা

নিউজলেটার ডেস্ক ●

ডিবেট ক্লাব আয়োজিত 'স্পিচ অ্যান্ড কুইজ কম্পিটিশন ২০২৩'-এর চূড়ান্ত পর্ব এবং পুরস্কার প্রদান অনুষ্ঠান হয় ২২ মার্চ ২০২৩। বাছাই পর্ব শেষে নির্বাচিত শিক্ষার্থীরা চূড়ান্ত পর্বে অংশ নেন। 'স্পিচ' ক্যাটাগরিতে বিজয়ী হন রানিয়া নূর ইয়াসমিন এবং 'কুইজ'-এ বিজয়ী হন মাফিয়া বুশরা। তারা সিএসই বিভাগের শিক্ষার্থী।

বিজয়ীদের নাম ঘোষণা করেন সোশিওলজি অ্যান্ড জেডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. ফজিলা বানু লিলি। অনুষ্ঠান সম্বালনা করেন ডিবেট ক্লাব-এর মডারেটর ও সিএসই বিভাগের শিক্ষক আয়েশা আজিজ প্রভা। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'ক্যারিয়ারে আমরাই সেরা' শীর্ষক প্রীতি বিতর্ক।

"Any fool can know. The point is to understand."

- Albert Einstein



আলোকচিত্র প্রদর্শনী ও প্রতিযোগিতা

নিউজলেটার ডেস্ক ●
রাজধানীর হাটখোলায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১ আগস্ট ২০২২ এক আলোকচিত্র প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করা হয়। 'দৃশ্যগল্প : আমার দেশ আমার জীবন' ভাবনাকে উপজীব্য করে মিডিয়া ক্লাবের উদ্যোগে এ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশ নেন। আলোকচিত্র প্রতিযোগিতার মূল ভাবনা ছিলো 'আমার ঢাকা'। প্রদর্শনীর জন্য বিষয় উন্মুক্ত ছিলো। প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পেয়ে বিজয়ী হয়েছেন ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড লিটারেচার বিভাগের শিক্ষার্থী রিপা তাসনিম মৌরি। ২য় ও ৩য় হয়েছেন যথাক্রমে আফসানা আক্তার ও সাইমা রহমান এশা। তারা দুজনই জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ

বিভাগের শিক্ষার্থী। এ ছাড়া বিচারকের বিশেষ বিবেচনায় স্থান পেয়েছেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের আরো দুই শিক্ষার্থী মাহমুদা আক্তার নীলা ও রামিসা হোসেইন রাইমা।
প্রদর্শনী ও প্রতিযোগিতা আয়োজনের তত্ত্বাবধান করেন মিডিয়া ক্লাবের মডারেটর ও জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষক হাসিনুস সাবাহ এবং একই বিভাগের শিক্ষক জারিন তাসনিম। আলোকচিত্র প্রতিযোগিতার বিচারক ছিলেন ফটোসাংবাদিক তাসলিমা আখতার।
অনুষ্ঠান আয়োজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষার্থী শর্মিষ্ঠা মণ্ডল, ফারহিন মাহ-বুব ও অন্যরা।



আমাদের বিভিন্ন আয়োজনের খবর নিয়মিত সংগ্রহ ও প্রকাশের জন্য কৃতজ্ঞতা যাদের প্রতি



বিতর্ক উৎসবে অংশগ্রহণ

দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ বিতর্ক উৎসব ১৫তম এনডিএফ বিডি জাতীয় বিতর্ক কান্ডাল ২০২৩-এ অংশ নেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির ডিবেট ক্লাবের দুই সদস্য। তারা হলেন ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী উম্মে হানি খুশবু লোদী এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ফারজানা আমরিন।

২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ এ আয়োজনে শিক্ষার্থীরা কুইজ এবং বাংলা বারোয়ারি বিতর্ক প্রতিযোগিতায় অংশ নেন। অনুষ্ঠানের প্রথম দিনের প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে গঠিত এই দুই দিনব্যাপী উৎসবে শিক্ষার্থীরা বিতর্ক ও ক্যারিয়ার ওয়ার্কশপের মধ্য দিয়ে নিজেদের প্রতিভা বিকাশের নতুন সুযোগ পান। এই আয়োজনে সিডরউইউর শিক্ষার্থীদের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক আয়েশা আজিজ প্রভা।

আইটি ফেস্ট

কম্পিউটার ক্লাবের আয়োজনে অনুষ্ঠিত হলো আইটি ফেস্ট ২০২২। ৪-১৩ আগস্ট অনুষ্ঠিত এ ফেস্ট উৎসবমুখর হয়ে ওঠে শিক্ষার্থীদের অংশগ্রহণে। এ ফেস্টের অংশ ছিলো প্রোগ্রামিং কনস্টেস্ট, আইটি ডিবেট, কম্পিউটার গেমিং, কুইজ, স্পেল অ্যান্ড উইন এবং পোস্টার ডিজাইন কম্পিটিশন। এ ছাড়া 'সাইবার সিকিউরিটি' বিষয়ক একটি সেমিনারেরও আয়োজন করা হয়। স্কুল-কলেজের ছাত্রীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় ম্যাথ অলিম্পিয়াড।



বসন্তের রঙে রঙিন আগ্নি

কতো রকমের পিঠা, মিষ্টান্ন আর ঝাল খাবার! বাদ যায়নি খুদের ভাত, খিচুড়ি, ভর্তা, পোলাও কিংবা শরবত। আচারও ছিলো নানা রকমের : আম, তেঁতুল, বড়ই, রসুন, জলপাই...। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিজেরাই হাতে বানিয়েছে সব। খাবার তৈরি করে তারা জিতেছে পুরস্কারও।

পহেলা ফাল্গুন উপলক্ষে ১৪ ফেব্রুয়ারি ২০২৩ বসন্তবরণের আয়োজন করে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি। কালচার ক্লাবের উদ্যোগে শিক্ষার্থীরা সকাল দশটা থেকে শুরু করে আনন্দ-উৎসব। বর্ণিল সাজে প্রিয় ক্যাম্পাসকে রাঙিয়ে তোলে তারা।

নাচ আর গানে দিনভর ক্যাম্পাস মাতিয়ে রাখে শিক্ষার্থীরা। এ উপলক্ষে সাংস্কৃতিক আয়োজনে অংশ নেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থী। তাদের মধ্যে ছিলেন স্মৃতি ঘোষ, জাফরিনা মুমতাহিনা, ফাতেমা-তুজ-জোহরা এবং অবস্টী সাহা।

বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ, সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ, সিএসই, ইংলিশ এবং বিবিএ বিভাগের শিক্ষার্থীরা মোট ১২টি স্টলের মাধ্যমে বাংলাদেশের ঐতিহ্যবাহী পিঠা-পুলি-পায়েসসহ নানা খাবারের পসরা সাজায়। এর মধ্যে সেরা খাবার নির্বাচন করেন ফুড ভগার খালেদ সাইফুল্লাহ। এতে বিজয়ী হয় সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ, ইংলিশ এবং বিবিএ বিভাগের শিক্ষার্থীরা।

Lecture on Socio-Economic Development



“

Suzanne Mueller

*Chargé-d'Affaires,
Embassy of
Switzerland in
Bangladesh*

Newsletter Desk ● Suzanne Mueller, Chargé-d'Affaires, Embassy of Switzerland in Bangladesh visited Central Women's University on 16 May 2023. She also delivered a lecture on socio-economic development issues. This talk was organized by the Sociology and Gender Studies Department. Mueller's speech on 'Socio-Economic Development: Personal Experience and Lessons Drawn from Different Continents' was followed by a

discussion and question-answer session. Dr. Fazila Banu Lily, Chairperson, Department of Sociology and Gender Studies formally started the seminar by presenting a brief introduction on Ms. Mueller. Registrar Mr. Elias Ahmed delivered the welcome speech. At the end of the seminar, Ms. Suzanne Mueller was presented with sashe, flowers and university crest by Mr. Elias Ahmed and Mr. Hasan Shirazi, Chairperson, Department of Business Administration.

শিক্ষিত হয়ে সমাজে অবদান রাখতে হবে

“

ড. লিলি নিকোলস

*কানাডার মান্যবর
হাইকমিশনার*

নিউজলেটার ডেস্ক ● নিজেদের শিক্ষিত করে তোলা খুব জরুরি। শিক্ষিত হয়ে সমাজ ও দেশের উন্নয়নের জন্য অবদান রাখতে হবে। সফল হতে হলে ধৈর্যসহ লেগে থাকাটা খুব দরকার। এই গুণটি কখনো হারিয়ে ফেলা যাবে না। সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির নবীনবরণ অনুষ্ঠানে

শিক্ষার্থীদের উদ্দেশে এ কথা বলেন বাংলাদেশে নিযুক্ত কানাডার মান্যবর হাইকমিশনার ড. লিলি নিকোলস।

১৭ জুলাই ২০২২ আয়োজিত ওই অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন তিনি। অনুষ্ঠানে ফল-২০২২ সেমিস্টারে ভর্তি হওয়া শিক্ষার্থীদের এক সাংস্কৃতিক আয়োজনের মধ্য দিয়ে বরণ করে নেওয়া হয়।

আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ। আরও বক্তব্য দেন সিডরউইউর উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান, রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাজী জাহেদুল হাসান, ইংলিশ ল্যান্সুয়েজ অ্যান্ড লিটারেচার বিভাগের চেয়ারপারসন আবদুস সেলিম, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের চেয়ারপারসন হাসান শিরাজী, সিএসই বিভাগের চেয়ারপারসন মোছাঃ শাহনাজ পারভীন, সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপারসন ড. ফজিলা বানু লিলি, জেএমএস বিভাগের চেয়ারপারসন সজীব সরকার এবং বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও অভিভাবকরা। অনুষ্ঠান সঞ্চালনা করেন জেএমএস বিভাগের লেকচারার জারিন তাসনিম।



Suzanne Mueller with the Registrar and faculty members

গবেষণায় মানুষকে সরাসরি যুক্ত করা জরুরি

নিউজলেটার ডেস্ক ●

'সামাজিক গবেষণায় মানুষকে সরাসরি যুক্ত করা খুব গুরুত্বপূর্ণ। তথ্যের জন্য কেবল নথিপত্রের ওপর নির্ভর না করে মানুষের কাছে যেতে হবে এবং তাদের কাছ থেকেই তথ্য তুলে আনতে হবে। এজন্য ওরাল হিস্ট্রি এবং ওরাল ন্যারেটিভ - দুটোই খুব জরুরি। সময়ের সাথে সাথে মানুষের ভাবনা বা গল্পটা পাল্টে যায়। তাই তথ্য তুলে আনার সময় এ দিকটাও গবেষককে খোয়াল রাখতে হবে।'

সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটিতে ১৯ জানুয়ারি ২০২৩ আয়োজিত এক সেমিনারে এ কথা বলেন ভারতের পশ্চিমবঙ্গের ডায়মন্ড হারবার উইমেন্স ইউনিভার্সিটির ইতিহাস বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক ড. অনিন্দিতা ঘোষাল। 'আনহাউড অ্যান্ড আনটোল্ড স্টোরিস : রিকভারি অব দ্য হিস্ট্রি অব উইমেন রিফিউজিস অ্যান্ড দেয়ার মুভমেন্টস' শীর্ষক এ সেমিনারে মূল বক্তা হিসেবে আলোচনা করেন তিনি।

সেমিনারে উপস্থিত ছিলেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন কাজী জাহেদুল হাসান, রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ,

“

ড. অনিন্দিতা ঘোষাল

*পশ্চিমবঙ্গের ডায়মন্ড
হারবার উইমেন্স
ইউনিভার্সিটির
সহযোগী অধ্যাপক*

ইংলিশ ল্যান্সুয়েজ অ্যান্ড লিটারেচার বিভাগের চেয়ারপারসন আবদুস সেলিম, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান মোছাঃ শাহনাজ পারভীন, সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপারসন ড. ফজিলা বানু লিলি, জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের চেয়ারপারসন সজীব সরকার এবং বিভিন্ন বিভাগের শিক্ষকরা। অনুষ্ঠান শেষে অতিথি ড. অনিন্দিতা ঘোষালকে উত্তরীয় পরিয়ে দিয়ে তার হাতে বিশ্ববিদ্যালয়ের স্মারক উপহার তুলে দেন উপাচার্য ড. পারভীন হাসান।



সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটিতে সেমিনারে ড. অনিন্দিতা ঘোষাল



Tricks & Techniques for IELTS



CWU students with Munzereen Shahid, Instructor and Head of HR of 10 Minutes School. Business Club of CWU organized a workshop titled 'IELTS for Higher Studies' on October 20, 2022 where Munzereen shared some tricks and techniques on how to secure a higher score in IELTS.

ডা. জাফরুল্লাহ চৌধুরীকে সম্মাননা

নিউজলেটার ডেস্ক ●

মুক্তিযোদ্ধা, মানবাধিকার কর্মী ও গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরীকে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির পক্ষ থেকে সম্মাননা জানানো হয়। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ৬ মার্চ ২০২৩ সোশিওলজি অ্যান্ড জেন্ডার ক্লাবের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে এ সম্মাননা জানানো হয়।

স্বাস্থ্যক্ষেত্রে এবং নারীর ক্ষমতায়নে তার অবদান উল্লেখ করে অনুষ্ঠানে বক্তব্য দেন উপাচার্য ড. পারভীন হাসান, সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. ফজিলা বানু লিলি, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারপার্সন কাজী জাহেদুল হাসান এবং অতিথি



জোনায়েদ সাকি। নিজের জীবন এবং নারীর ক্ষমতায়নে শিক্ষার ভূমিকাসহ নানা বিষয়ে শিক্ষার্থীদের উদ্দেশে বক্তব্য দেন ডা. জাফরুল্লাহ চৌধুরী।

ডা. জাফরুল্লাহ চৌধুরীকে উত্তরীয় পরিয়ে দেন উপাচার্য ড. পারভীন হাসান। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন নারী অধিকার কর্মী ও

ডা. জাফরুল্লাহ চৌধুরীর স্ত্রী শিরীন হক, জাফরুল্লাহ চৌধুরীর পুত্র বারীশ হাসান চৌধুরী এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকরা।

Farewell to ELL Spring 2019 Batch



The Department of English Language and Literature (ELL) bid a fond farewell to the Spring 2019 batch on June 18, 2023. The event, organized by the graduating students, took place at 1:00 PM in the university lobby.

The program was chaired by Mr. Abdus Selim, Chairperson of the Dept. of ELL. Registrar of CWU, Mr. Elias Ahmed, and Ms. Asif-Un-Nahar, Assistant Professor from the Dept. of Business Administration and Proctor of the university were also present there.

Despite the rainy weather, the students managed to create an atmosphere filled with enthusiasm and joy. They also celebrated 'Borsha Boron', a traditional Bangladeshi custom, and observed a mesmerizing performance by Fatema Tuz Zohora Promi, who showcased traditional dance numbers.



অ্যালবাম



পড়াশোনা, খেলাধুলা, উৎসব ও আনন্দময় যোগাযোগেই তো বিদ্যায়তন হয়ে ওঠে
সুশিক্ষার পুণ্যভূমি! ফ্রেমে বন্দি এমনই কতোগুলো অমূল্য মুহূর্ত...





উজ্জ্বল তারকাদের সান্নিধ্য

কালচার ক্লাব-এর আয়োজনে 'রাইজিং স্টার ২০২২' প্রতিযোগিতার বিচারক ছিলেন খ্যাতিমান দুই অভিনয়শিল্পী ফেরদৌসী মজুমদার এবং তনিমা হামিদ। গান, নাচ ও উপস্থাপনাসহ নানা ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশ নেন শিক্ষার্থীরা

সম্পাদকীয়

বিশ্ববিদ্যালয়, শিক্ষা ও তারুণ্যের শক্তি

সুশিক্ষা শিক্ষার্থীর মনকে জ্ঞানের আলোয় আলোকিত করে। তবে ছোট্ট একটি শ্রেণিকক্ষের চার দেয়ালের মধ্যে সীমিত থেকে বা সিলেবাসনির্ভর পাঠ থেকে সুশিক্ষা অর্জন করা যায় না। রবীন্দ্রনাথ ঠাকুর আমেপ করে বলেছিলেন, “বইয়ের ভিতর দিয়া জানাকেই আমরা পাণ্ডিত্য বলিয়া গর্ব করি। জগৎকে আমরা মন দিয়া ছুঁই না বই দিয়া ছুঁই।” পাঠ্যবই থেকে মুখ তুলে তাকিয়ে দেখতে হবে, এর বাইরেও কতকিছু শেখার আছে! তা উপলব্ধি করেই কবি সুনির্মল বসু বলেছিলেন, ‘বিশ্বজোড়া পাঠশালা মোর, সবার আমি ছাত্র’।

জীবন ও জগৎ সম্বন্ধে জরুরি প্রশ্নগুলো নিয়ে গঠনমূলক তর্ক হবে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে। এভাবেই নতুন জ্ঞান তৈরি হবে। আর নতুন নতুন জ্ঞান তৈরিই বিশ্ববিদ্যালয়ের প্রকৃত উদ্দেশ্য; প্রত্যাপাখির মতো মুখস্থবিদ্যাকে উৎসাহ দেওয়া বিশ্ববিদ্যালয়ের কাজ নয়।

শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে কেবল তথ্য বিনিময় নয়, জ্ঞানের বিনিময় হওয়া চাই। নোবেলজয়ী পদার্থবিজ্ঞানী অ্যালবার্ট আইনস্টাইন

প্রতিনিয়ত প্রশ্ন করাকে জ্ঞানার্জনের পক্ষে গুরুত্বপূর্ণ মনে করেছেন। নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন ‘না’ বলতে শেখাকে জরুরি মনে করেছেন। তাই, সবকিছুকে ‘প্রব সত্য’ ধরে না নিয়ে প্রশ্ন করতে শিখতে হবে। শিক্ষকরা জ্ঞান বিতরণের পাশাপাশি সত্যবাদিতা, ন্যায়নিষ্ঠতা, সহনশীলতা ও উদারতার শিক্ষাও দেন।

জাপানের দার্শনিক ও শিক্ষাবিদ দাইসাকু ইকেদা বলেছেন, ‘ইতিহাস সবসময়ই তারুণ্যের শক্তির জোরে রূপ নিয়েছে।’ কীর্তিমান লেখক ও কবি অনুদাশঙ্কর রায় তারুণ্যের এই শক্তিকে উপলব্ধি করে বলেছিলেন, তারুণ্য বা যৌবনের এই শক্তিকে সমাজ ভয় পায়। এ কারণে, তার ভাষ্যে, “...যৌবনকে শায়েস্তা রাখবার জন্যে আমাদের স্ববিরতন্ত্র সমাজ দুটি উপায় করেছে। একটি, জাতি-প্রথা। অন্যটি, বাল্য-বিবাহ।” রায় আরো বলেছেন, “যৌবনের একেবারে গোড়াকার কথা-প্রতিভা ও প্রেম। নিজেকে পরিপূর্ণ ভাবে বিকশিত করবার যে শক্তি, তার নাম প্রতিভা। আর অপরের

প্রতিভার সহিত সংযুক্ত হয়ে ফলবান হবার যে প্রেরণা, তার নাম প্রেম।”

তাই নিজের সম্ভাবনাকে পরিপূর্ণভাবে বিকশিত করে মানবকল্যাণের উপযোগী করে তোলাটাই একজন শিক্ষার্থীর মুখ্য উদ্দেশ্য হওয়া দরকার। অনুদাশঙ্করের ভাষায়, এ হলো বার্ষিকের বিরুদ্ধে যৌবনের বিদ্রোহ। নজরুল এবং সুকান্তও তারুণ্যের এই বিদ্রোহকে স্বাগত জানিয়েছিলেন।

যুক্তরাষ্ট্রের ২৬তম প্রেসিডেন্ট থিওডোর রুজভেল্ট বলেছিলেন, ‘যতোটা পারো, করো; যা আছে, তা দিয়েই করো-যেখানে আছে, সেখানেই করো।’

তাই, শিক্ষার শক্তিকে কাজে লাগাতে হবে। অর্জিত জ্ঞান ও সৃষ্টিশীলতাকে নিজের, পরিবারের, সমাজের ও রাষ্ট্রের কল্যাণে কাজে লাগাতে হবে। এভাবেই ব্যক্তি হয়ে ওঠে ‘লার্জার দ্যান লাইফ’।

শিক্ষা ও তারুণ্যের শক্তিকে বিশ্বমানবের কল্যাণে নিয়োগের মধ্যে শিক্ষার উদ্দেশ্য ও ফল- উভয়ই নিহিত।

তারুণ্যের জয় হোক!

Newsletter Team

● Advisors

Dr. Perween Hasan
Vice Chancellor

Elias Ahmed
Registrar

● Editor

Sajeeb Sarker
Assistant Professor &
Chairperson
Journalism and Media
Studies

● Co-Editor

Md. Asif Nawaz
Sr. Lecturer, English
Language and
Literature

● Members

Amreta Biswas
Lecturer, DBA

Ayesha Siddiqua
Lecturer, CSE

Muktadir Billah
Munim
Lecturer, ELL

Zarin Tasnim
Lecturer, JMS

Jobaira Biswas
Sr. Lecturer, SGS

Sharmin Akter
Sr. Assistant System
Manager (IT)

Md. Asfaq Ahmed
Ananda
Assistant Registrar



power to women

Fall 2023

● Member Secretary

Md. Iqbal Imam
Assistant Registrar

● Publication Assistant

Md. Azizul Hakim
IT Officer

● Photo Credit

Anika Afroj Bany
Student, JMS

Sabbir Ahamed
Lab Assistant

● Special Thanks

Dr. Fazila Banu Lily
Chairperson, SGS

Naznin Sultana Niti
Lecturer, SGS

Ayesha Aziz Prova
Lecturer, CSE

● Design and Make-up

Jahangir Sur
Assistant Editor
Daily Amader Shomoy



8

Published by

Central Women's University

www.cwu.edu.bd

6 Hatkhola Road, Dhaka-1203 • Phone: 223387499, 223359938 • Cell: 01988-819011, 01915-721560 • fb.com/centralwomensu